মুসলিমের ওপর তার ঘোড়া ও গোলামের মধে কোনো যাকাত নেই।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মরফূ হিসেবে বর্ণিত, “মুসলিমের ওপর তার ঘোড়া ও গোলামের মধে কোনো যাকাত নেই। ”অন্য শব্দে এভাবে এসেছে: “কিন্তু দাস-দাসীর মধ্যে সাদাকাতুল ফিতর রয়েছে।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সাম্য ও ইনসাফের ওপর যাকাতের ভিত্তি। এ কারণে আল্লাহ তায়ালা ধনীদের বর্ধনশীল ও বৃদ্ধির জন্য প্রস্তুতকৃত সম্পদের ওপর যাকাত ওয়াজিব করেছেন। যেমন যমীনের উৎপাদিত ফসল, ব্যবসার মাল প্রভৃতি। আর অন্যান্য সম্পদ যা বর্ধনশীল নয় এবং নিত্য প্রয়োজনীয় তাতে তার মালিকের ওপর যাকাত নেই। কেননা তা দ্বারা মুসলিমকে একান্তভাবে খাস করা হয়েছে। যেমন মুসলিমের ঘোড়া, উট, গাড়ি একইভাবে তার খেদমতের দাস, ব্যবহারের বিছানা এবং পাত্রসমূহ। তবে ক্রীতদাসের ক্ষেত্রে যাকাতুল ফিতরের হুকুম এ ক্ষেত্রে ব্যতিক্রম। তার ওপর যাকাতুল ফিতর ওয়াজিব হবে। যদিও ব্যবসার জন্য প্রস্তুত করা না হয়। কারণ, তা তার সম্পর্ক ব্যক্তির সাথে; সম্পদের সাথে নয়।

http://sunnah.global/hadeeth/bn/show/4519